গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ
ষোলশহর, চট্টগ্রাম।

তারিখঃ ১৪/০৯/২০২৬ খ্রিঃ।

অফিস আদেশ নং- ৬৩

বন অধিদপ্তরের রাজস্বখাতের শূন্য পদ পূরণের নিমিত্ত প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, ঢাকা এর দপ্তর হতে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তি নং-২২.০১.০০০০.০০৭.০৫.৩৯৪.২৫.১৫৩ তারিখঃ ২৭/০১/২০২৫ খ্রিঃ ও নিয়োগ বিজ্ঞপ্তি নং- ২২.০১.০০০০.০০০.০০৭.০৫.০৩৯৪.২৫.১৮২৫ তারিখঃ ১৩/০৯/২০২৬ খ্রিঃ এর পরিপ্রেক্ষিতে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক বন অধিদপ্তরের ১৭ তম থেকে ২০ তম গ্রেডের পদে ঢাকা বিভাগের জনবল নিয়োগের জন্য গঠিত বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশক্রমে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে চূড়ান্তভাবে নির্বাচিত নিম্নোক্ত প্রার্থীদের জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-১৭ এ (৯,০০০-২১,৮০০/-) টাকা তৎসহ সরকার প্রদেয় অন্যান্য ভাতাদিসহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে যোগদানের তারিখ হতে নিম্নলিখিত শর্তে "ফরেস্ট গার্ড (বন প্রহরী)" পদে নিয়োগ প্রদান করা হলো। নিয়োগকৃত ফরেস্ট গার্ডদেরকে আগামী ২৭/০৯/২০২৬ খ্রিঃ তারিখে বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, চট্টগ্রাম এর বিভাগীয় দপ্তরে যোগদান করতে হবে।

ক্রঃ নং	নাম ও পিতার নাম	স্থায়ী ঠিকানা	নিয়োগকৃত পদের নাম ও বেতন স্কেল
০১।	জনাব মোঃ মিলন মিয়া পিতাঃ মোঃ নিজাম উদ্দিন	গ্রামঃ সাহাব্দীর চর মধ্যপাড়া, ডাকঘর-কামারের চর, উপজেলা-শেরপুর সদর, জেলা-শেরপুর।	ফরেস্ট গার্ড (বন প্রহরী) জাতীয় বেতন স্কেল, ২০১৫ (৯,০০০-২১,৮০০/-)
০২।	জনাব মোঃ সুজন মিয়া পিতাঃ মোঃ শহিদুল ইসলাম	গ্রামঃ বাইমমারী, ডাকঘর-যাদুরচর, উপজেলা-রৌমারী, জেলা-কুড়িগ্রাম।	ফরেস্ট গার্ড (বন প্রহরী) জাতীয় বেতন স্কেল, ২০১৫ (৯,০০০-২১,৮০০/-)

শর্তাবলীঃ

(ক) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী এবং সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশনের উপর নির্ভরশীল। পুলিশ ভেরিফিকেশন রিপোর্টে সরকারি চাকুরিতে নিয়োগ লাভের অযোগ্যতা সম্পর্কিত কোন বিষয় পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীকে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগাদেশের সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ সংক্রান্ত অংশটুকু বাতিল বলে গণ্য হবে। যোগদানের সময় পুলিশ ভেরিফিকেশন ফরম সংগ্রহ পূর্বক পূরণ করতঃ জমা দিতে হবে।

(খ) এ নিয়োগ সংশ্লিষ্ট প্রার্থীর কর্মদক্ষতা ও কর্তব্য নিষ্ঠার উপর নির্ভরশীল।

(গ) কাজে যোগদানের সময় নাম, পিতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, যোগদানের তারিখে বয়স, শিক্ষাগত যোগ্যতা সম্বলিত জীবন বৃত্তান্তসহ ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয় পত্রের কপি এবং চারিত্রিক ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে নাগরিকত্ব সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।

(ঘ) নিয়োগপ্রাপ্ত ফরেস্ট গার্ড এর শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ, স্থায়ী ঠিকানা এবং কোটা সংশ্লিষ্ট কাগজাদি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক যাচাইয়ান্তে কোন প্রকার ত্রুটি পরিলক্ষিত হলে প্রার্থীকে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগাদেশের সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ সংক্রান্ত অংশটুকু বাতিল বলে গণ্য হবে।

(ঙ) নিয়োগকৃত ফরেস্ট গার্ড এর চাকুরি, পদায়ন ও জ্যেষ্ঠতা বন অধিদপ্তরের প্রচলিত নিয়োগবিধি ও প্রচলিত চাকরি বিধির আওতায় নিয়ন্ত্রিত হবে।

(চ) বন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ এর বিধি ৬ এর বিধানাবলী পালন সাপেক্ষে চাকরিতে স্থায়ী করা হবে।

(ছ) নিয়োগপ্রাপ্ত ফরেস্ট গার্ড এর শিক্ষানবিশ মেয়াদকালে তার আচরণ ও কর্ম সন্তোষজনক না হলে কিংবা তার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা না থাকলে সেক্ষেত্রে কর্তৃপক্ষ তার চাকরির অবসান ঘটাতে পারবেন।

(জ) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে নিয়োগপ্রাপ্ত ফরেস্ট গার্ডদের চাকরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি, আদেশ ও সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীত বিধি ও বিধানের আওতায় নিয়ন্ত্রিত হবে।

(ঝ) নির্বাচিত কোন প্রার্থী নির্ধারিত সময়ের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে এ নিয়োগাদেশের সংশ্লিষ্ট অংশ বাতিল বলে গণ্য হবে।

(ঞ) প্রশাসনিক কারণে যদি নিয়োগকৃত পদের হ্রাস/বিলুপ্তি ঘটে তা হলে এ অস্থায়ী নিয়োগ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(ট) কাজে যোগদানের সময় শারীরিক সুস্থতার স্বপক্ষে সিভিল সার্জন এর নিকট হতে প্রয়োজনীয় সার্টিফিকেট দাখিল করতে হবে।

(ঠ) মুক্তিযোদ্ধার পোষ্য কোটায় নির্বাচিত প্রার্থীদের সংশ্লিষ্ট সনদপত্র মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক যাচাই বাছাই সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক যাচাই বাছাইয়ে দাখিলকৃত সনদপত্রে সঠিক পাওয়া না গেলে এর নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

(ড) এ দপ্তরে যোগদানের পর প্রশাসনিক প্রয়োজনে এ বিভাগের যে কোন বিট/ক্যাম্প/ইউনিটে পদায়ন করা হবে।

(ঢ) কাজে যোগদানের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ দেয়া হবে না।

(আবু নাছের মোহাম্মদ ইয়াছিন নেওয়াজ)
পরিচিতি নং- ১৩২২৪
বিভাগীয় বন কর্মকর্তা
বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, চট্টগ্রাম।
ফোনঃ ০২৪১৩৮০৫৮৭
ইমেইলঃ dfowildlifectg@gmail.com

স্মারক নং-ঃ ২২.০১.১৫০০.০০০.১২২.০৫.০০০১.২৬. ১৭৪৭ তারিখঃ ১৪/০৯/২০২৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিত মহলে প্রেরণ করা হলোঃ

০১। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা। এ প্রসংগে আপনার দপ্তরের স্মারক নং ২২.০১.০০০০.০০০.০০৭.০৫.০৩৯৪.২৫.১৮২৫ তারিখঃ ১৩/০৯/২০২৬ খ্রিঃ এর নির্দেশনা উল্লেখ্য।

০২। বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, আগারগাঁও, ঢাকা।

০৩। সহকারী প্রধান বন সংরক্ষক, সংস্থাপন ইউনিট/অর্থ, বাজেট ও সাধারণ নির্দেশনা ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা।

০৪। উপবন সংরক্ষক, রিমস ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা। তাকে ইস্যুকৃত নিয়োগপত্রটি বন অধিদপ্তরের অফিসিয়াল ওয়েবসাইটে (bforest.gov.bd) আপলোড করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৫। জনাব মোঃ মিলন মিয়া, পিতাঃ মোঃ নিজাম উদ্দিন, গ্রামঃ সাহাব্দীর চর মধ্যপাড়া, ডাকঘর-কামারের চর, উপজেলা-শেরপুর সদর, জেলা-শেরপুর।

০৬। জনাব মোঃ সুজন মিয়া, পিতাঃ মোঃ শহিদুল ইসলাম, গ্রামঃ বাইমমারী, ডাকঘর-যাদুরচর, উপজেলা-রৌমারী, জেলা-কুড়িগ্রাম।

০৭। গার্ড ফাইল।

১৪।৯।২৬

(আবু নাছের মোহাম্মদ ইয়াছিন নেওয়াজ)
পরিচিতি নং- ১৩২২৪
বিভাগীয় বন কর্মকর্তা
বন্যপ্রাণী ব্যবস্থাপনা ও প্রকৃতি সংরক্ষণ বিভাগ, চট্টগ্রাম।
ফোনঃ ০২৪১৩৮০৫৮৭
ইমেইলঃ dfowildlifectg@gmail.com